

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ মার্চ ২০২৩ খ্রি.

সীতাকুণ্ডে অক্সিজেন প্লান্ট বিস্ফোরণস্থলে উদ্ধার কার্যক্রম পরিদর্শন করেছেন মেয়র

সীতাকুণ্ডে অক্সিজেন প্লান্ট বিস্ফোরণস্থলে পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার বিকালে বিস্ফোরণের সংবাদ পেয়েই ঘটনাস্থলে ছুটে যান মেয়র, তদারকি করেন হতাহতদের উদ্ধার কার্যক্রম। এসময় উদ্ধার কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে ক্ষয়ক্ষতি হ্রাসে তড়িত পদক্ষেপ গ্রহণ করেত বলেন মেয়র।

এসময় সেখানে প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, পুলিশ সুপার এসএম শফিউল্লাহসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেয়র এসময় বলেন, দুঃখজনক এ ঘটনায় ক্ষতিগ্রস্তদের জন্য আমার সমবেদনা রইলা হতাহতদের উদ্ধার কার্যক্রমে সর্বোচ্চ ব্যবস্থা নিতে হবে। আমি স্থানীয় সংসদ সদস্য ও নেতৃবৃন্দ, জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ সব সেবা সংস্থার প্রধানদের সাথে যোগাযোগ করছি যাতে এ ঘটনায় হতাহতদের চিকিৎসা সেবাসহ অন্য কোন সেবায় যাতে কোন ঘাটতি না হয়। আমরা সমন্বিতভাবে কাজ করার মাধ্যমে এই দুর্ঘটনার ক্ষয়ক্ষতি যতটা সম্ভব কমিয়ে আনব।

এসময় উৎসুক জনতাকে ঘটনাস্থলে ভিড না জমানোর অনুরোধ জানিয়ে মেয়র বলেন, উদ্ধার কার্যক্রমকে সফল করতে আমি সাধারণ জনগণের সহযোগিতা কামনা করছি। বিএম ডিপোর ঘটনায় অযথা ভিড জমানোর কারণে হতাহতের পরিমাণ বেশি ছিল। এ কারণে অতীত অভিজ্ঞতার আলোকে সাধারণ জনতাকে অনুরোধ করছি আপনারা অপ্রয়োজনে ঘটনা স্থলে ভিড করবেন না। দায়িত্বশীলরা কাজ করছে তাদের কে সহযোগিতা করুন এবং হতাহতদের জন্য প্রার্থনা করুন।

উল্লেখ্য শনিবার বিকালে সীতাকুণ্ড উপজেলার কদমরসুলপুর এলাকায় 'সীমা অক্সিজেন' নামক একটি অক্সিজেন প্ল্যান্টে ভয়াবহ বিস্ফোরণ ঘটে।